দৈনিক বাংলা

তারিখ 7/3/82
পৃষ্ঠা ... কলাম ...

115

এসএসসি পরীক্ষা

# ঢাকা বোর্ডে ৭৯ হাজার পরীক্ষার্থী

(স্টাফ রিপোর্টার)

ঢাকাসহ দেশের চারটি শিক্ষা বোর্ডের ১৯৮২ সালের এসএসসি পরীক্ষা আগামী ১১ই মার্চ, বৃহস্পতিবার শুরু হচ্ছে। ঢাকা বোর্ডের অধীনে গত নয় বছরে এবার রেকর্ড সংখ্যক পরীক্ষার্থী অংশ নিচ্ছে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৭৯ হাজার ২৮৫। ১৯৭২ সালে এসএসসি পরীক্ষা দিয়েছিল লক্ষাধিক পরীক্ষার্থী।

ঢাকা জেলায় সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্যে ঢাকার জেলা প্রশাসকের সভাপতিত্বে শুক্রবার এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। ঢাকা মহানগরীর পাঁচটি জোনের জন্যে পাঁচজন ম্যাজিস্ট্রেটের অধীনে পাঁচটি টিম নির্বাচন করা হয়েছে।

ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষা মোট ১১৮টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এর মধ্যে সাতটি কেন্দ্র বাংলাদেশের বাইরে।

বোর্ডের একজন কর্মকর্তা জানান, প্রশ্নপত্র ফাঁস রোধের জন্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

দৈনিক বাংলার মানিকগঞ্জস্থ সংবাদ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

এসএসসি পরীক্ষা

(১-এর পৃঃ পর)

দাতা জালালউদ্দীন আহমদ জানাচ্ছেন: এ বছর ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষা গ্রহণের জন্যে আটটি নতুন কেন্দ্র খোলা হয়েছে। এ বছর বিদেশে জেদ্দা, কুয়েত, কায়রো, মস্কো এবং রোমে নতুন কেন্দ্র খোলা হয়েছে। গত বছর বিদেশের দুটি কেন্দ্রসহ ঢাকা বোর্ডের মোট কেন্দ্রের সংখ্যা ছিল ১০৫।

ঢাকা শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনা ও কেন্দ্রগুলি পরিদর্শনের জন্যে প্রত্যেক জেলা ও মহকুমা প্রশাসককে আহ্বায়ক করে পাঁচ সদস্য বিশিষ্ট ভিজিলেন্স টিম ইতিমধ্যেই গঠন করা হয়েছে।